বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৭৪০২৫

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৮-১৯/ ১০৫৭(১২৫০) তারিখঃ ২৭/১২/২০১৮ খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সাপ্তাহিক ছুটিসহ আসন্ন জাতীয় নির্বাচন-২০১৮ উপলক্ষে ছুটিকালীন সময়ে ব্যাংকের সার্বিক নিরাপত্তা বিধান প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সাপ্তাহিক ছুটিসহ আসন্ন জাতীয় নির্বাচন-২০১৮ উপলক্ষে ২৮/১২/২০১৮ হতে ৩০/১২/২০১৮ ইং পর্যন্ত ব্যাংক বন্ধ থাকবে। এছাড়া ৩১/১২/২০১৮ইং ব্যাংক হলিডে। উক্ত ছুটিকালীন সময় ব্যাংক বন্ধ থাকার কারণে যাতে কোনধরণের অঘটন/দুর্ঘটনা সংঘটিত না হয় সে লক্ষ্যে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজধানীর শাখাগুলোসহ মাঠ পর্যায়ের সকল শাখার দিবা-রাত্রি নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্নোক্ত সতর্কতামুলক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলোঃ

(১) ছুটিকালীন সময় দিন-রাত ২৪ ঘন্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে শাখা/কার্যালয়ের প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নিরাপত্তা প্রহরীর সার্বক্ষনিক উপস্থিতি নিশ্চিতকরণপূর্বক তার সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন;

(২) শাখা/কার্যালয়ের নিরাপত্তা প্রহরী যাতে শাখা/কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করতঃ যথাযথভাবে দায়িত্ব/কর্তব্য পালন করেন সে বিষয়টি নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে কোন একজন কর্মস্থলে অবস্থান করে শাখা/কার্যালয়ে সংরক্ষিত ডিউটি রেজিষ্টার পরিপালন করাসহ নিরাপত্তা প্রহরীর অবস্থা নিবিড়ভাবে তদারকি করবেন;

(৩) **ছুটিকালীন সময়ে শাখার ভল্টে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে এবং ভল্টের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে;**

(৪) উপরে বর্ণিত ছুটিকালীন সময়ে নিরাপত্তা কর্মীর কোন পরিচিত বা আত্মীয়-স্বজন কোন অবস্থায়ই শাখার অভ্যন্তরে অবস্থান করতে পারবে না;

(৫) আলোচ্য ছুটিকালীন সময়ে নিরাপত্তা কর্মী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট কিংবা দূরে কোথাও যেতে পারবে না;

(৬) এ সময় ব্যাংকসমূহে কর্মরত কর্মকর্তাগণ রাতে পালাক্রমে শাখা পরিদর্শনসহ এর নিরাপত্তা ব্যবস্থাসহ পারিপার্শ্বিক অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

(৭) ব্যাংক শাখাসমূহ বন্ধ হয়ে যাবার পরবর্তীতে যাতে কোনক্রমেই কোন ব্যক্তি ব্যাংকে প্রবেশ না করতে পারেন এর প্রতি তীক্ষ্ম দৃষ্টি ও ব্যবস্থা নিতে হবে এবং সংশ্লিষ্ট পুলিশ স্টেশন/র‌্যাব কার্যালয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৮) ব্যাংকের নিরাপত্তা ঘন্টা এবং সিসিটিভি (যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে;

(৯) এ সময় শাখা/কার্যালয়ের সকল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে বাতি জ্বালিয়ে রাখতে হবে।

০৪। এমতাবস্থায়, উক্ত ছুটিকালীন সময়ে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা বিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এছাড়া, শাখা/কার্যালয়ের নিরাপত্তা বিধানের সুবিধার্থে নিকটবর্তী/আওতাধীন থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর প্রহরীদেরকে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য,এতদ্বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন ধরণের অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনারবিশ্বস্ত,
২৭/১২/১৮
(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা , বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

২৭.১২.১৮
(মোঃ নিজামুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক